গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (EED)
সেক্টর-১, উপশহর, রাজশাহী।
www.eed.rajshahi.gov.bd

# জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব শেখ নাছিম রেজা, নির্বাহী প্রকৌশলী

সভার তারিখ : ১৪/০৯/২০২৩ খ্রি.

সভার সময় : বেলা ১১.০০ ঘটিকা

স্থান : নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী জেলা।

উপস্থিতি : পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভার শুরুতে তিনি জানান, সোনার বাংলা গড়ার প্রত্যয়ে 'জাতীয় শুদ্ধাচার কৌশল' সরকারের একটি যুগোপযোগী পদক্ষেপ। এ শুদ্ধাচার কৌশল প্রণয়নের মূল উদ্দেশ্য সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে স্ব স্ব কর্ম সম্পাদনের মাধ্যমে সরকারের সকল কার্যক্রমে সুশাসন প্রতিষ্ঠা করা। অতঃপর তিনি এজেন্ডা অনুযায়ী উপস্থাপনের জন্য সহকারী প্রকৌশলী জনাব মোঃ আব্দুস সালাম -কে অনুরোধ করেন। নির্দেশনা মোতাবেক সভার শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২৩) এর কার্যক্রমসমূহ কার্যক্রমভিত্তিক উপস্থাপন করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | (১.১) নৈতিকতা কমিটির সভা আয়োজন | সভায় জানানো হয়, শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে ১ টি করে সভা আয়োজন করতে হয়। নৈতিকতা কমিটির সভাপতি ও নির্বাহী প্রকৌশলী মহোদয় কর্মপরিকল্পনা অনুযায়ী বিভিন্ন কার্যক্রমসূহ বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, কর্মচারীগণ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম সম্পন্ন এবং প্রতিবেদন/প্রমানক প্রদান করার জন্য আলোচনা হয়। | পূর্ববর্তী সভার কার্যাবিবরণী পর্যালোচনার জন্য সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১ম ত্রৈমাসিক কর্মপরিকল্পনায় নির্ধারিত কার্যক্রমসমূহ যথাসময়ে সম্পন্ন করে প্রতিবেদন/প্রমাণক আইসিটি শাখায় প্রেরণ করতে হবে। | ১. সহকারী প্রকৌশলী (জনাব মোঃ আব্দুস সালাম) |
| | (১.২) নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | ত্রৈমাসিক ভিত্তিতে সভার সিদ্ধান্তসমূহ অর্জিত হলে শতভাগ নম্বর পাওয়া যাবে। উল্লেখ্য, কার্যক্রম মূল্যায়নের সময় নৈতিকতা কমিটির কার্যপরিধির আলোকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের ওপর বেশি গুরুত্ব দিতে হবে এবং সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে গুনগত মান বিবেচনা করে নম্বর প্রদান করা হবে। | প্রধান কার্যালয় কর্তৃক সরবরাহকৃত "ছকে" কার্যক্রমসমূহের প্রতিবেদন প্রস্তুত করে ফোকাল পয়েন্ট-এর স্বাক্ষরসহ দাখিল করতে হবে। | ১. সহকারী প্রকৌশলী (জনাব মোঃ আব্দুস সালাম) |
| | (১.৩) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভা | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে নিয়মিত অংশীজনের অংশগ্রহণে সভার আয়োজন করা হয়। | সভায় অভ্যন্তরীণ/দাপ্তরিক/নাগরিক সেবা/গ্রহণকারী সুশীল সমাজ এবং মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণের অংশগ্রহণ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১. সহকারী প্রকৌশলী (জনাব মোঃ আব্দুস সালাম) |
| | (১.৪) কর্ম-পরিবেশ উন্নয়ন(পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি) | কর্ম-পরিবেশ উন্নয়নের লক্ষ্যে সভায় সিদ্ধান্তের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। পরিষ্কার-পরিচ্ছন্নতার ব্যাপারে সন্তোষ প্রকাশ করেন এবং তা ভবিষ্যতে অব্যাহত রাখার উপর গুরুত্ব আরোপ করেন। | অফিস কার্যালয়ের কক্ষসমূহ স্ব-স্ব কর্মকর্তা-কর্মচারীগণ পরিচ্ছন্নকর্মীদের মাধ্যমে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা সব সময় যেন অব্যাহত থাকে সেটা নিশ্চিত করার জন্য বলা হয়। | ১. সহকারী প্রকৌশলী (জনাব মোঃ আব্দুস সালাম)<br>২. কম্পিউটার অপারেটর (জনাব মোঃ শাহাদাত হোসাইন) |
| | (১.৫) ২০২৩-২০২৪ অর্থবছরের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | সভায় ২০২৩-২৪ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা সংশ্লিষ্ট বিধি-বিধান অনুসরণ করে ক্রয় পরিকল্পনা প্রণয়ন করার বিষয়ে আলোকপাত করেন। | বিধি মোতাবেক ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা হয় | ই-জিপি সিস্টেম |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | (১.৬) সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ এবং হালনাগাদকরণ | সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারের সুনির্দিষ্ট ব্যবহার এবং সেবাগ্রহীতাদের সেবা সহজে নিশ্চিত করার লক্ষ্যে সভাপতি মহোদয় বিস্তারিত আলোচনা ও প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন। | সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারের ব্যবহার নিশ্চিত করতে সকলেই একমত পোষণ করেন | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারী |
| | (১.৭) দাপ্তরিক কাজে অনলাইনের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ | দাপ্তরিক কাজে অনলাইন (ইমেইল/হোয়াটসঅ্যাপ) এর ব্যবহার নিশ্চিতকরণ এবং মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক অফিসিয়াল চিঠি-পত্র নিকোষ ফন্ট ব্যবহারের নির্দেশনা প্রদান করা হয়। | সর্বসম্মতভাবে সিদ্ধান্ত বাস্তবায়নে একমত পোষণ করেন | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারী |

২.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(শেখ নাছিম রেজা)
নির্বাহী প্রকৌশলী
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
রাজশাহী।
ফোন নং: ০২৫৮-৮৮৬১৫৮৮
Email-xeneedraj@gmail.com

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। উপ-পরিচালক (প্রশাসন), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২। প্রোগ্রামার, আইসিটি শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩। সকল কর্মকর্তা ও কর্মচারী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী।

স্মারক নং নিপ্র:/ইইডি/রাজ/২০২৩/ ৫৮১ তারিখ: ১৪/০৯/২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

১। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল, রাজশাহী।
৩। অফিস কপি।

১৪/৯/২৩

(শেখ নাছিম রেজা)
নির্বাহী প্রকৌশলী
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
রাজশাহী।
ফোন নং: ০২৫৮-৮৮৬১৫৮৮
Email-xeneedraj@gmail.com